



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২০২৫ এর আওতায়

তথ্য অধিকার বিষয়ে

বার্ষিক প্রতিবেদন।

প্রকাশঃ ১৪/১০/২০২৪ খ্রি।

প্রকাশনায়ঃ উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট।

প্রধান পৃষ্ঠপোষকঃ

মোছাঃ মর্জিনা বেগম
উপজেলা সমবায় অফিসার
জয়পুরহাট সদর, জয়পুরহাট

সম্পাদনা সহযোগীতায়

০১। পবন কুমার চক্রবর্তী
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

০২। মোঃ আহসান হাবীব
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

প্রকাশকাল
১৪/১০/২০২৪ খ্রিৎ।

প্রকাশনায়

উপজেলা সমবায় কার্যালয়
জয়পুরহাট সদর, জয়পুরহাট

Cooperative.joypurhatsadar.joypurhat.gov.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

সূচীপত্রঃ

১। জেলা সমবায় অফিসার, জয়পুরহাট মহোদয়ের বাণী।	১
২। উপজেলা সমবায় অফিসারের বাণী।	২
৩। উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট এর যোগাযোগ ব্যবস্থা।	৩
৪। উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট এর সাংগঠনিক কাঠামো।	৪
৫। উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট এর কর্মকর্তা/কর্মচারীর পরিচিতি।	৫
৬। উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট এর সমবায় সমিতির তথ্য।	৬-৮
৭। উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট এর বিভন্ন সমবায় সমিতির উন্নয়নমূলক কর্মকাণ্ড।	৯-১১



জেলা সমবায় অফিসার
জয়পুরহাট।



বাণী

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন জয়পুরহাট সদর উপজেলার ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

সোনার বাংলাদেশ গড়তে সমবায় অধিদপ্তর অগ্রন্তি ভূমিকা পালন করে আসছে। অর্থনীতির সকল সেষ্টেরে সমবায় বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। সমবায় বিভাগ ও সমবায় সমিতি সমূহ দেশের আর্থ-সামাজিক উন্নয়নে যে ভূমিকা পালন করছে তার একটি চিত্র তুলে ধরার জন্য উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, কর্তৃক বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়ে থাকে। তারই ধারাবাহিকতায় এবছর বার্ষিক প্রতিবেদন ২০২৪-২০২৫ প্রকাশিত হলো। প্রতিবেদনটিতে জয়পুরহাট সদর উপজেলার সমবায় কার্যক্রমের পরিসংখ্যান ও চিত্র তুলে ধরা হয়েছে।

প্রকাশিত প্রতিবেদনটি জয়পুরহাট সদর উপজেলার সমবায় কর্মকাণ্ডের প্রচার ও প্রসারে ব্যাপক ভূমিকা রাখবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি। এই প্রতিবেদন প্রনয়নের সাথে সম্পৃক্ত সকলকে আমার আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।



উপজেলা সমবায় অফিসার
জয়পুরহাট সদর, জয়পুরহাট।



বাগী

এদেশের খেটে খাওয়া দরিদ্র মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে সমবায় অধিদপ্তর অগ্রন্তি ভূমিকা পালন করে থাকে। দারিদ্র্য ও দুর্দশার জন্য মানুষের অনেক্য এবং সহমর্মিতার অভাব অনেকাংশেই দায়ী, আর এই দুর্দশা ঘোচাবার টেকসই পদ্ধতি হলো সমবায়। দেশ-জাতি-পরিবেশের জন্য যে উন্নয়নই আমরা করি তা হতে হবে টেকসই বা কার্যকরি। টেকসই অর্থনীতির ভিত্তি ছাড়া উন্নয়ন স্থায়ী হয়না। টেকসই উন্নয়ন সুনির্ণিত করতে হলে দেশজ সম্পদের কার্যকর ব্যবস্থাপনাকে যেমন সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে পাশাপাশি জনসংখ্যাকে বৃপ্তান্তরিত করতে হবে জনসম্পদে। দেশের আর্থ-সামাজিক উন্নয়নে জয়পুরহাট সদর উপজেলার সমবায় বিভাগ যে অবদান রাখছে তাঁর একটি চিত্র তুলে ধরার জন্য প্রতি বছরের ধারাবাহিকতায় এ বছর বার্ষিক প্রতিবেদন ২০২৪-২০২৫ প্রকাশিত হলো। প্রতিবেদনটিতে জয়পুরহাট সদর উপজেলার সমবায় কার্যক্রমের পরিসংখ্যান ও চিত্র তুলে ধরা হয়েছে।

প্রকাশিত প্রতিবেদনটি জয়পুরহাট সদর উপজেলার সমবায় কর্মকাণ্ডের প্রচার ও প্রসারে ব্যাপক ভূমিকা রাখবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

বার্ষিক প্রতিবেদন প্রনয়নের জন্য তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সম্পাদনার সাথে সম্পৃক্ত সকলকে আমার আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

প্রতিবেদনটির গুণগত মানোন্নয়নে সকলের পরামর্শ সাদরে গ্রহণ করা হবে।

উপজেলা সমবায় কার্যালয়,জয়পুরহাট সদর এর যোগাযোগ ব্যবস্থাঃ-

উপজেলা সমবায় কার্যালয় ,জয়পুরহাট সদর,জয়পুরহাট ,উপজেলা পরিষদ প্রশাসনিক ভবন- ০১ অথাৎ হারাবতী ভবনের ২য় তলায় অবস্থিত।জয়পুরহাট বাসট্টান্ড থেকে পশ্চিম দিকে ০১ কিলোমিটার দূরে সিও,কলোনিতে উপজেলা পরিষদ অবস্থিত। জয়পুরহাট বাসট্ট্যান্ড থেকে অটোরিক্সা,রিক্সা কিংবা অটোটেম্পু যোগে মাত্র ১০ টাকা ভাড়ায় উপজেলা পরিষদে আসা যায়। অন্যদিকে কেন্দ্রীয় মসজিদ সংলগ্ন পাচুরমোড় থেকে মাত্র ০১ কিলোমিটার পূর্বদিকে অটোরিক্সা,রিক্সা কিংবা অটোটেম্পু যোগে মাত্র ১০ টাকা ভাড়ায় উপজেলা পরিষদে আসা যায়। জয়পুরহাট রেল ষ্টেশন থেকে মাত্র ০১ কিলোমিটার পূর্বদিকে অটোরিক্সা,রিক্সা কিংবা অটোটেম্পু যোগে মাত্র ১০ টাকা ভাড়ায় উপজেলা পরিষদে আসা যায়।

দপ্তর পরিচিতি

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনে সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিস উপজেলা সমবায় কার্যালয়। জয়পুরহাট জেলার জয়পুরহাট সদর উপজেলা পরিষদ চতুরে উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর অবস্থিত। উপজেলা সমবায় কার্যালয় সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক সমবায় নিবন্ধন, অডিট, পরিদর্শন সহ সমবায় সমিতির যাবতীয় কার্যক্রমের প্রথম ইউনিট অফিস হিসেবে কাজ করে। এ দপ্তরে মোট জনবল ০৫ জন। ০১ জন সমবায় অফিসার, ০২ জন সহকারী পরিদর্শক, ০১ জন অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ও ০১ জন অফিস সহায়ক।

উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর জয়পুরহাট এর সাংগঠনিক কাঠামো(অর্গানোগ্রাম)

জনবল= ০৫ জন



কর্মকর্তাঃ-

	নাম পদবি অফিস ই-মেইল	মোহাঁ মর্জিনা বেগম উপজেলা সমবায় অফিসার উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট uco.joypurhat@yahoo.com
---	-------------------------------	--

ফোন(অফিস)	০২৫৮৯৯১৬০৩৫
ফোন(বাসা)	-
মোবাইল	০১৭৯১৭৩২৭২২
ফ্যাক্স	-

কর্মচারীবৃন্দঃ-

	নাম পদবি অফিস ই-মেইল	পবন কুমার চক্রবর্তী সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট pabanchakrovortee.1982@gmail.com
---	-------------------------------	---

ফোন(অফিস)	০২৫৮৯৯১৬০৩৫
ফোন(বাসা)	-
মোবাইল	০১৭২০১৫৬২২০
ফ্যাক্স	-

	নাম পদবি অফিস ই-মেইল	মোঃ আহসান হাকিম সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট ahabibaics@gmail.com
---	-------------------------------	---

ফোন(অফিস)	০২৫৮৯৯১৬০৩৫
ফোন(বাসা)	-
মোবাইল	০১৭১৫১৮১৬৩৮
ফ্যাক্স	-

	নাম পদবি অফিস ই-মেইল	মোঃ আশরাফ আলী অফিস সহায়ক উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট mdashrafalicoop@gmail.com
---	-------------------------------	--

ফোন(অফিস)	০২৫৮৯৯১৬০৩৫
ফোন(বাসা)	-
মোবাইল	০১৭৪১১০৩২৫৩
ফ্যাক্স	-



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট এর

১.১ ক্যাটাগরিভিত্তিক সমবায় সমিতির তথ্য

ক্রমিক নং	সমবায় সমিতির ক্যাটাগরি এর নাম	সমিতি সংখ্যা
১	কেন্দ্রীয় সমবায় সমিতি (পটবো ব্যতিত)	০৩
২	কৃষি সমবায় সমিতি	২৩
৩	আখচাষী সমবায় সমিতি	১৭
৪	মৎস্যজীবি সমবায় সমিতি	৪০
৫	মৎস্যচাষী সমবায় সমিতি	০১
৬	শ্রমজীবি/শ্রমিক ও শ্রমিক কল্যান সমবায় সমিতি	০৬
৭	ভূমিহীন সমবায় সমিতি	১৬
৮	মহিলা সমবায় সমিতি	০৮
৯	মুক্তিযোদ্ধা সমবায় সমিতি	০১
১০	অটোরিক্সা, অটোটেম্পু চালক সমবায় সমিতি	০১
১১	পরিবহন মালিক সমবায় সমিতি	০২
১২	কর্মকর্তা/কর্মচারী সমবায় সমিতি	০২
১৩	পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি	০১
১৪	সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি	১৭
১৫	ব্যবসায়ী সমবায় সমিতি	২৭
১৬	সঞ্চয় ও খণ্ডান সমবায় সমিতি	১২
১৭	বহুমুখী সমবায় সমিতি	১৭
১৮	ইউনিয়ন বহুমুখী সমবায় সমিতি	০৭
১৯	সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক	০১
২০	আশ্রয়ণ /আশ্রয়ণ ফেইজ-২ সমবায় সমিতি	১৮
২১	অন্যান্য সমবায় সমিতি	০৫
২২	ক্রেডিট ইউনিয়ন(কাল্ব) সমবায় সমিতি	০১
	সর্বমোট	২২২



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা সমবায় কার্যালয়

জয়পুরহাট সদর, জয়পুরহাট।

উপজেলার নাম	সমবায় বিভাগীয় সমিতি (পটুরো ব্যতিত)			প্রাথমিক ও কেন্দ্রীয় সমবায় সমিতির সম্মিলিত তথ্য							
	কেন্দ্রীয়	প্রাথমিক	মোট সমিতি সংখ্যা	সদস্য	কার্যকরী মূলধন	বিনিয়োগ	নিট লাভ	অডিট ফি	সিডিএফ	লভ্যাংশ বণ্টন	স্বকর্ম সংস্থান
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
জয়পুরহাট সদর	৩	২১৯	২২২	৩৭৫১৯	১১৯০.৮০	৯১০.৩০	৪৬.৮০	১.৬৮	১.১৮	১৯.১০	১৬০
সর্বমোট	৩	২১৯	২২২	৩৭৫১৯	১১৯০.৮০	৯১০.৩০	৪৬.৮০	১.৬৮	১.১৮	১৯.১০	১৬০

১.২ উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট এর সমবায় সমিতির মৌলিক তথ্য (২০২৩-২০২৪)

(অর্থ বছরের নিরীক্ষা প্রতিবেদন অনুযায়ী)

২০২৩-২০২৪ অর্থ বছরের উল্লেখযোগ্য কার্যাবলি

সমবায়কে উন্নয়নমূল্যী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট বিগত বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে। কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিনত করতে ও এর গুনগত মান উন্নয়নে এ ভিত্তে উৎপাদনমূল্যী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোগ্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরনে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়। বিগত অর্থ বছরে ০৫ টি নতুন সমবায় সমিতি গঠন এবং ১০০ জনকে নতুনভাবে সমবায়ে সদস্যভুক্ত করা হয়েছে। ২০২৩-২০২৪ সালে সালে ২৩৭ টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়।

ভ্রাম্যমান টিমের মাধ্যমে ১০০ জন সমবায়ীকে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাহিদাভিত্তিক প্রশিক্ষণ ও খণ্ড প্রদানের মাধ্যমে ৯৫ জনের স্ব-কর্মসংস্থান হয়েছে।

২০২৩-২০২৪ সালের সাফল্য

উন্নয়নমূল্যী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে জয়পুরহাট সদর উপজেলার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট এর আওতাধীন নিবন্ধিত সমবায় এর সংখ্যা ২৩৭ টি। নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমেপূর্ণ বিপুল সংখ্যক সমবায় সমিতিতে সুশাসন প্রতিষ্ঠার জন্য পরিদর্শন, নিরীক্ষার মাধ্যমে নিবিড়ভাবে মনিটরিং করা হচ্ছে।

৩.১ প্রকল্প

প্রকল্পের নাম	সরকার হতে প্রাপ্ত অর্থের পরিমাণ	উপকারভোগীদের মাঝে প্রদত্ত অর্থের পরিমাণ	উপকারভোগীর সংখ্যা	আদায়ের হার (%)	অন্যান্য তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
আশ্রয়ণ	৩৪,৭২,৫০০/-	৩৪,৭২,৫০০/-	১১২	৮৪%	০	
গাড়ী প্রকল্প	০	০	০	০	০	
ফ্যামিলি ওয়েলফেয়ার	০	০	০	০	০	
শিক্ষালীকরণ	০	০	০	০	০	
অন্যান্য (যদি থাকে)	০	০	০	০	০	

৩.২ প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিংসেশন (সকল উপজেলার ক্ষেত্রে প্রযোজ্য) (২০২৩-২০২৪)

প্রশিক্ষণের ধরন	প্রশিক্ষণার্থীর ধরন	কোর্স সংখ্যা	প্রশিক্ষণার্থী সংখ্যা			মন্তব্য
			পুরুষ	মহিলা	মোট	
১	২	৩	৪	৫	৬	৭
ভ্রাম্যমাণ	সমবায়ী	০৮	৬৫	৩৫	১০০	
আইজিএ	সমবায়ী	০	০	০	০	
ইনহাউজ	কর্মকর্তা/কর্মচারি	৩	২	১	৩	
অন্যান্য (যদি থাকে)						

উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট এর বিভিন্ন সমবায় সমিতির উন্নয়নমূলক কর্মকাণ্ডঃ-

নিতিপাড়া আদর্শ বহুমুখী সমবায় সমিতি লিঃ

শস্যের ভান্দার হিসাবে খ্যাত সীমান্ত ঘেষা জয়পুরহাট জেলার সদর উপজেলা ধলাহার ইউনিয়নের নিতিপাড়া এলাকায় প্রতিষ্ঠিত গ্রামের প্রাচীক জনগোষ্ঠির ৩০ জন নর নারী নিয়ে ২০০৯ সালে গঠিত হয় নিতিপাড়া আদর্শ বহুমুখী সমবায় সমিতি লিঃ। প্রতিষ্ঠালগ্নে সমিতির সদস্যগণ শেয়ার ও সঞ্চয় আদায়ের মধ্যেই তাদের কর্মকাণ্ড সীমিত রেখেছিলেন। ধীরে ধীরে সমিতির কর্মকাণ্ড ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। সমিতির সদস্যগণ তাদের পেশার সাথে মিল ও সামঞ্জস্য রেখে কৃষি ও কৃষক বাস্তব বিভিন্ন কর্মকাণ্ড পরিচালনা করতে থাকে। ফলশ্রুতিতে সমিতির বর্তমান শেয়ার মূলধনের পরিমাণ ৮,৬৮,২০০/- টাকা, সঞ্চয় আমানতের পরিমাণ ৭০,৮২,৭৩৪/-টাকা এবং কার্যকরী মূলধনের পরিমাণ ৯০,৫৮৫৩০/-টাকা। কর্মী সংখ্যা ০৬ জন। জমির পরিমাণ ০.০৬ শতক ভৌত অবকাঠামোর মূল্য ৬,৪২,৬০০/-টাকা। বর্তমান সদস্য সংখ্যা ৯১৩ জন। অত্র সমিতির কর্মকাণ্ড সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ০৯ সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ ও অন্যান্য উপ-কমিটি তাদের অঞ্চল পরিশ্রমের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে আসছে।

সমিতির উল্লেখযোগ্য কার্যক্রমঃ-

- সমিতির বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম গ্রহন ও বাস্তবায়নের মাধ্যমে এ পর্যন্ত প্রায় ৩১৫ জনের অধিক লোকের স্ব-কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে।
- সমিতির নিজস্ব অর্থায়নে দরিদ্র ছাত্র-ছাত্রীদের মাঝে শিক্ষা উপকরণ ও আর্থিক অনুদান প্রদান।
- বেকার যুবকদের মানসিক উৎকর্ষ সাধনের জন্য বিভিন্ন আন্ত-নির্ভরশীল কার্যক্রম সৃষ্টি।
- দেশ ও জাতির ইতিহাস ও ঐতিহ্যকে সমৃদ্ধ এবং তা বর্তমান প্রজন্মের কাছে তুলে ধরার জন্য বিভিন্ন জাতীয় দিবস উদযাপন।
- গ্রামের অস্বচ্ছল পরিবারের ছাত্র-ছাত্রীদের বিশেষ করে স্কুলের ঝড়ে পড়া ছাত্র-ছাত্রীদের জন্য একজন শিক্ষক সমিতির পক্ষ থেকে নিয়োগ দিয়ে সমিতির অফিসঘরে পড়াশুনার ব্যবস্থা।
- প্রতি বছর সমিতির সদস্য-সদস্যা, কর্মকর্তা এবং কর্মচারীদের মানসিক ও শারীরিক বিকাশে এবং তাদের মনোবল বৃদ্ধির জন্য ক্রীড়া প্রতিযোগীতা ও সাংস্কৃতিক অনুষ্ঠোনের আয়োজন করা।

স্থানীয় পর্যায়ে সমবায়ের সম্ভাবনাঃ -

সমিতিটির সিংহভাগ সদস্য মহিলা। মহিলারা পরিবারের সিদ্ধান্ত গ্রহন প্রক্রিয়ায় অবতীর্ণ হলে সমাজ তথা দেশের সামগ্রিক উন্নয়ন সাধিত হবে। এই লক্ষকে সামনে রেখে সমবায় বিভাগ, জয়পুরহাট কর্তৃক সমিতির মহিলা সদস্যদের আইজিএ সেলাই, ইলক-বাটিক প্রশিক্ষণ দেওয়া হয়। এই প্রশিক্ষণ গ্রহন করে মহিলারা বাড়িতে পরিবারের জন্য জামা কাপড় সেলাই করে এবং গ্রামের অন্যান্য নারী পুরুষের জামা-কাপড় সেলাই করে নিজেরা অর্থনৈতিকভাবে স্বাবলম্বী ও আন্ত-নির্ভরশীল হচ্ছে। নিতিপাড়া এলাকায় আইজিএ সেলাই প্রশিক্ষণ এক যুগান্তকারী ও গুণগত পরিবর্তন সাধন করেছে। প্রশিক্ষণপ্রাপ্ত মহিলাদের আর্থ-সামাজিক পরিবর্তন লক্ষ্য করে এলাকার অন্যান্য মহিলারা এই সমিতির সদস্যপদ পেতে খুবই আগ্রহী হচ্ছে এবং প্রশিক্ষণ গ্রহন করে নিজের ভাগ্যের চাকা পরিবর্তনের স্বপ্ন দেখছে।



উপসংহারণ- নারীর ক্ষমতায়ন, বেকারত দুরীকরণ, শিল্পায়ন ও উন্নয়ন আদর্শে বলিয়ান হয়ে সমবায়ের পতাকাকে সমূলত ও উন্নীত করার জন্য সমবায়ের বিকল্প নেই। এই লক্ষ্যকে সামনে রেখে অত্র নিতিপাড়া আদর্শ চলন্তগতি বহুমুখী সমবায় সমিতি কাজ করে যাচ্ছে।



নিতিপাড়া আদর্শ বহুমুখী সমবায় সমিতি লিঃ বার্ষিক সাধারণ সভায় আগত সমবায়ীবৃন্দ।

নিতিপাড়া আদর্শ বহুমুখী সমবায় সমিতি লিঃ এর আইজিএ সেলাই প্রশিক্ষনে প্রশিক্ষানার্থীবৃন্দ।





উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট এর বিভিন্ন সমবায় সমিতির উন্নয়নমূলক কর্মকাণ্ডঃ-

বুজরুক ভারুনিয়া চলন্তসিঁড়ি বহুমুখী সমবায় সমিতি লিঃ

জয়পুরহাট জেলার সদর উপজেলা দোগাছী ইউনিয়নের বুজরুক ভারুনিয়া এলাকায় প্রতিষ্ঠিত গ্রামের প্রান্তিক জনগোষ্ঠির ২২ জন নারী নিয়ে ২০০৮ সালে গঠিত হয় বুজরুক ভারুনিয়া চলন্তসিঁড়ি বহুমুখী সমবায় সমিতি লিঃ। প্রতিষ্ঠালগ্নে সমিতির সদস্যগন শেয়ার ও সঞ্চয় আদায়ের মধ্যেই তাদের কর্মকাণ্ড সীমিত রেখেছিলেন। ধীরে ধীরে সমিতির কর্মকাণ্ড ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। সমিতির সদস্যগন তাদের পেশার সাথে মিল ও সামঞ্জস্য রেখে কৃষি ও কৃষক বাক্ষব বিভিন্ন কর্মকাণ্ড পরিচালনা করতে থাকে। ফলশুতিতে সমিতির বর্তমান শেয়ার মূলধনের পরিমাণ ১৬,৬০,৫০০/- টাকা, সঞ্চয় আমানতের পরিমাণ ৩৬,০৯,৭৮০/-টাকা এবং কার্যকরী মূলধনের পরিমাণ ৫৯,৬৯,৬৫০/-টাকা। কর্মী সংখ্যা ০১ জন। জনির পরিমাণ ০.০৮ শতক ভৌত অবকাঠামোর মূল্য ৭,১৪,২০৫/-টাকা। বর্তমান সদস্য সংখ্যা ২৫১ জন। অত্র সমিতির কর্মকাণ্ড সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ০৯ সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটির সদস্যগন ও অন্যান্য উপ-কমিটি তাদের অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে আসছে।

সমিতির উল্লেখযোগ্য কার্যক্রমঃ-

- সমবায় সমিতি যেহেতু সদস্যের মধ্যে বৈষম্য হ্রাস করে আর্থিক ও সামাজিক উন্নয়নে ভূমিকা রাখে এবং সদস্যদের কাঞ্চিত জীবন ব্যবস্থা গড়ে তোলার জন্য কাজ করে।
- সমিতির বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে এ পর্যন্ত প্রায় ১১১ জনের অধিক লোকের স্ব-কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে।
- সমিতির নিজস্ব অর্থায়নে দরিদ্র ছাত্র-ছাত্রীদের মাঝে শিক্ষা উপকরণ ও আর্থিক অনুদান প্রদান।
- বেকার যুবকদের মানসিক উৎকর্ষ সাধনের জন্য বিভিন্ন আন্ন-নির্ভরশীল কার্যক্রম সৃষ্টি।
- দেশ ও জাতির ইতিহাস ও ঐতিহ্যকে সমৃদ্ধ এবং তা বর্তমান প্রজন্মের কাছে তুলে ধরার জন্য বিভিন্ন জাতীয় দিবস উদযাপন।
- গ্রামের অস্বচ্ছল পরিবারের ছাত্র-ছাত্রীদের বিশেষ করে স্কুলের বাড়ে পড়া ছাত্র-ছাত্রীদের জন্য একজন শিক্ষক সমিতির পক্ষ থেকে নিয়োগ দিয়ে সমিতির অফিসঘরে পড়াশুনার ব্যবস্থা।
- প্রতি বছর সমিতির সদস্য-সদস্যা, কর্মকর্তা এবং কর্মচারীদের মানসিক ও শারীরিক বিকাশে এবং তাদের মনোবল বৃদ্ধির জন্য ক্রীড়া প্রতিযোগীতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা।

স্থানীয় পর্যায়ে সমবায়ের সম্ভাবনাঃ -

সমিতিটির সকল সদস্য মহিলা। মহিলারা পরিবারের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অবতীর্ণ হলে সমাজ তথা দেশের সামগ্রিক উন্নয়ন সাধিত হবে। এই লক্ষকে সামনে রেখে সমবায় বিভাগ, জয়পুরহাট কর্তৃক সমিতির মহিলা সদস্যদের আইজিএ সেলাই, রুক-বাটিক প্রশিক্ষণ দেওয়া হয়। এই প্রশিক্ষণ গ্রহণ করে মহিলারা বাড়িতে পরিবারের জন্য জামা কাপড় সেলাই করে এবং গ্রামের অন্যান নারী পুরুষের জামা-কাপড় সেলাই করে নিজেরা অর্থনৈতিকভাবে স্বাবলম্বী ও আন্ন-নির্ভরশীল হচ্ছে। বুজরুক ভারুনিয়া এলাকায় আইজিএ সেলাই প্রশিক্ষন এক যুগান্তকারী ও গুণগত পরিবর্তন সাধন করেছে। প্রশিক্ষণপ্রাপ্ত মহিলাদের আর্থ-সামাজিক পরিবর্তন লক্ষ্য করে এলাকার অন্যান্য মহিলারা এই সমিতির সদস্যপদ পেতে খুবই আগ্রহী হচ্ছে এবং প্রশিক্ষণ গ্রহণ করে নিজের ভাগ্যের চাকা পরিবর্তনের স্বপ্ন দেখছে।

উপসংহারণ:- নারীর ক্ষমতায়ন,বেকারত দূরীকরণ,শিল্পায়ন ও উন্নয়ন আদর্শে বলিয়ান হয়ে সমবায়ের পতাকাকে সমুন্নত ও উন্নীত করার জন্য সমবায়ের বিকল্প নেই। এই লক্ষ্যকে সামনে রেখে অগ্র নিষ্ঠিপাড়া আদর্শ চলন্তগতি বহুমুখী সমবায় সমিতি কাজ করে যাচ্ছে।



বুজুরুক ভারুনিয়া চলন্তসিডি বহুমুখী সমবায় সমিতি লিঃ এর আইজিএ সেলাই প্রশিক্ষনে প্রশিক্ষকানার্হীবৃন্দ।

বুজুরুক ভারুনিয়া চলন্তসিডি বহুমুখী সমবায় সমিতি লিঃ বার্ষিক সাধারণ সভায় আগত সমবায়ীবৃন্দ।



